

**সিংহভাগ বরাদ্দ বেতন-ভাতা খাতে
বুয়েটের ৮৫ কোটি ১৬ লাখ টাকার বাজেট**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ২০১২-১৩ অর্থবছরের জন্য বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ৮৫ কোটি ১৬ লাখ টাকার বাজেট পেশ করা হয়েছে। অন্যান্য প্রতিষ্ঠানের এবং বিগত বছরের মত এবারও বুয়েটের বাজেটেরও সিংহভাগ বরাদ্দ রাখা হয়েছে বেতন-ভাতা-খাতে। এই খাতে বরাদ্দ রাখা হয়েছে ৫১ কোটি টাকা। গত শনিবার বুয়েটের প্রিন্সিপাল ড. এমএম নজরুল ইসলামের সভাপতিত্বে সিন্ডিকেট সভার নতুন অর্থবছরের জন্য এই বাজেট পেশ করা হয়। একই সভায় ২০১১-১২ অর্থবছরের ৮৩ কোটি ৩৬ লাখ টাকার সংশোধিত বাজেট অনুমোদন করা হয়। ২০১২-১৩ অর্থবছরের জন্য পেশকৃত বাজেটের ৮৫ কোটি ১৬ লাখ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) মিলে ৭৫ কোটি ৮০ লাখ টাকা। বুয়েটের নিজস্ব আয় থেকে আসবে ৫ কোটি ৮০ লাখ টাকা এবং ছুটির পরিমাণ ৩ কোটি ৫৬ লাখ টাকা। বাজেটে বরাদ্দের মত এবারও সিংহ ভাগ ব্যয় হবে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা খাতে।